

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৩৫

১/ বিবিধ

আরবী

قال داود: أسألك بحق آبائي إبراهيم وإسحاق ويعقوب، فقال: أما إبراهيم فألقي في النار فصبر من أجلي، وتلك بلية لم تنلك، وأما إسحاق فبذل نفسه ليذبح فصبر من أجلي، وتلك بلية لم تنلك أجلي، وتلك بلية لم تنلك ضعيف جدا

قال الهيثمي في " المجمع " (8 / 202): رواه البزار عن العباس من رواية أبي سعيد عن علي بن زيد وأبو سعيد لم أعرفه وعلي بن زيد ضعيف، وقد وثق قلت: أبو سعيد هذا هو الحسن بن دينار وهو واه بمرة، فقد أخرج الحديث ابن جرير من طريق زيد بن الحباب عن الحسن بن دينار عن علي بن زيد بن جدعان عن الحسن عن الأحنف بن قيس عن العباس بن المطلب، ذكره ابن كثير (4 / 17) وقال: لا يصح، في إسناده ضعيفان وهما الحسن بن دينار البصري متروك، وعلي بن زيد بن

جدعان منكر الحديث

قلت: والحسن بن دينار كنيته أبو سعيد كما في " الميزان " ولكنه لم يتفرد به بل توبع عليه مختصرا كما في الحديث الآتي بعده

والحديث رواه ابن مردويه أيضا كما في " شرح المواهب " للزرقاني (1 / 97) وذكره ابن تيمية في " القاعدة الجليلة " أنه من الإسرائيليات وهو الأشبه بالصواب قلت: وإن مما يؤكد ذلك أنه لا يشرع في ديننا التوسل بحق الآباء، كما تقدم بيانه تحت



الأحاديث المتقدمة (22 _ 25)

বাংলা

৩৩৫। দাউদ (আঃ) বলেনঃ আমি তোমার নিকট আমার পিতা ইবরাহীম, ইসহাক এবং ইয়াকুবকে হক জানার মাধ্যমে প্রার্থনা জানাচ্ছি। অতঃপর (আল্লাহ) বললেনঃ ইবরাহীমকে আগুনে নিক্ষেপ করা হয়েছিল। সে আমার জন্যই ধৈর্য ধারন করে। সে বিপদ তোমাকে স্পর্শ করেনি। ইসহাক নিজেকে যাবহ করার জন্য সমর্পণ করেছিল। সে আমার জন্যই ধৈর্য ধারন করে। সে বিপদ তোমাকে স্পর্শ করেনি। ইয়াকুবের নিকট হতে ইউসুফ হারিয়ে গিয়েছিল। সে বিপদ ও তোমাকে স্পর্শ করেনি।

হাদীসটি নিতান্তই দুর্বল।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/২০২) বলেনঃ হাদীসটি বাযযার আব্বাস (রাঃ) হতে আবু সাঈদের বর্ণনা থেকে, তিনি আলী ইবনু যায়েদ হতে বর্ণনা করেছেন। এ আবু সাঈদকে আমি চিনি না এবং আলী ইবনু যায়েদ দুর্বল। কেউ কেউ তাকে সিকা (নির্ভরযোগ্য) আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ এ আবু সাঈদ হচ্ছেন হাসান ইবনু দীনার। তিনি একেবারেই দুর্বল। হাদীসটি ইবনু কাসীর তার "আত-তাফসীর" গ্রন্থে (৪/১৭) উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। এটির সনদের বর্ণনাকারী হাসান ইবনু দীনার মাতরূক আর 'আলী ইবনু যায়েদ ইবনু যাদ'আন মুনকারুল হাদীস।

হাসান ইবনু দীনারের কুনিয়াত হচ্ছে আবূ সা'ঈদ, যেমনভাবে "আল-মীযান" গ্রন্থে এসেছে। হাদীসটি ইবনু মারদুবিয়াও বর্ণনা করেছেন, যেমনটি যারকানীর "শারহুল মাওয়াহিব" গ্রন্থে (১/৯৭) এসেছে।

ইবনু তাইমিয়া "কায়েদাতুল জালীলাহ" গ্রন্থে উল্লেখ করেছেন, এটি ইসরাইলী বর্ণনার অন্তর্ভুক্ত। এটিই বিশুদ্ধতার দিক থেকে বেশী সাদৃশ্যপূর্ণ। কারণ আমাদের ধর্মের মধ্যে পিতাদের হক জানার দ্বারা অসীলা করা শরীয়ত সম্মত নয়, যেমনটি ২২-২৫ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন